# গৃহঋণ বার্তা

বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

৮ম বর্ষ ২য় সংখ্যা
জানুয়ারি-মার্চ ২০২০খ্রি.

মুজিব শতবর্ষ MUJIB 100



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর, বঙ্গবন্ধু ভবন, ধানমন্ডি-৩২, ঢাকা

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
Bangladesh House Building Finance Corporation
গৃহায়নের দিগন্তে ঐতিহ্যের স্মারক



"সমস্ত সরকারী কর্মচারীকেই আমি অনুরোধ করি, যাদের অর্থে আমাদের সংসার চলে তাদের সেবা করুন"।


# গৃহঋণ বার্তা

বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

৮ম বর্ষ
২য় সংখ্যা

জানুয়ারি-মার্চ
২০২০খ্রি.


## অমর একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা উদ্‌যাপন





বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন যথাযথ মর্যাদা ও আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে পালন করে অমর ২১ ফেব্রুয়ারী মহান ভাষা শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২০। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক দেবাশীষ চক্রবর্ত্তী সদর দফতরে প্রতিষ্ঠিত শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণের মধ্য দিয়ে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা ও ভালবাসা নিবেদন করেন। বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকবৃন্দসহ সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন। এছাড়া বিএইচবিএফসি'র রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং প্রজেক্ট, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা পরিষদ, অফিসার কল্যাণ সমিতি এবং জোনাল অফিস-ঢাকা উত্তর ও দক্ষিণ ও এর আওতাধীন সকল রিজিওনাল ও শাখা অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীবৃন্দ স্ব-স্ব ম্যানেজারগণের নেতৃত্বে শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত করা হয়।

ব্যবস্থাপনা পরিচালক জাতীয় জীবনে দিবসটির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন এবং শহীদদের আত্মত্যাগের মহিমায় উজ্জীবিত হয়ে দেশ মাতৃকার মঙ্গল ও উন্নয়নের স্বার্থে সম্মিলিতভাবে কাজ করার জন্য সকলকে আহবান জানান।

১৯৯৯ সালের ১৭ নভেম্বর জাতিসংঘের সাধারণ আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের উদ্দেশ্য হলো বিশ্বের সকল মাতৃভাষাকে বিকশিত হওয়ার সুযোগ ও যথাযোগ্য মর্যাদা দান, বিলুপ্তির হাত থেকে রক্ষা ও ভাষার উপর প্রভূত্ব বা শ্রেষ্ঠত্ব আরোপের অপচেষ্টা রোধ করা। এ দিবসের তাৎপর্যে লুকিয়ে আছে দেশকে ভালবাসা, দেশের মানুষকে, দেশের সংস্কৃতিকে, তার জীবনাচারকে ভালবাসা, তার জন্য গর্ববোধ করা।

ব্যবস্থাপনা পরিচালক তার বক্তব্যে বলেন- সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে ভাষা সবচেয়ে শক্তিশালী হাতিয়ার। মাতৃভাষার প্রচলন কেবল ভাষাগত বৈচিত্র এবং বহুভাষাভিত্তিক শিক্ষাকেই উৎসাহিত করে না, তা ভাষাগত এবং সাংস্কৃতিক ঐতিহ্য উন্নয়নেও অনুধাবিত হয়।

এ ভাষা দিবস শুধু বাংলা ভাষার বিশ্বায়নই নয়, বরং বাঙালী জাতির বিজয়, যে বিজয় আর আত্মত্যাগে বিশ্ব আজ ভাবতে শিখেছে মাতৃভাষার গুরুত্ব সম্পর্কে। ভাষা শহীদদের নিয়ে আজ আমরা গর্ব করি, আত্মপরিচয়ে আনন্দ উপলব্ধি করি। তাই ভাষা আন্দোলনের আদর্শকে জীবনের প্রতিটি ক্ষেত্রে বাস্তবায়িত করে আমরা শহীদদের আত্মত্যাগকে সার্থক ও মহিমান্বিত করব-এই হোক মুজিব বর্ষে আমাদের অঙ্গীকার।

"আমাদের সম্মিলিত কণ্ঠধ্বনি
পদ্মা মেঘনা যমুনার উজান,
আমাদের কতকথা বাচালতা
হাহাকার প্রতিবাদ শ্লোগান
ভাষাস্থ স্পন্দন অস্তিত্বের জয়গান।

নিঃশব্দ ভাষাহীন কথাহীন
বোবা-বধির আমাদের চিৎকার
ভাষার মহিমায় রঙিন,
আজও তাই শ্বাপদের ভীড়ে
হিমালয় থেকে বঙ্গোপসাগরে
মায়ের আঁচল থেকে প্রিয়তার রংধনু নীড়ে
মাতৃকার এ ধ্বনি পবিত্র মঞ্জিলে
মাতৃ পরিচয়ে আসীন বিশ্বদুয়ারে।"


"অমর একুশে ফেব্রুয়ারি, আন্তর্জাতিক
মাতৃভাষা দিবসে
সকল ভাষাশহীদ এবং বিশ্বের সকল
ভাষাভাষী নিপড়িত মানুষের প্রতি

শ্রদ্ধাঞ্জলি

[বিশেষ দ্রষ্টব্য ঃ কোভিড -১৯ করোনা মহামারীর কারণে জানুয়ারি-মার্চ ২০২০ সংখ্যাটি বিলম্বে প্রকাশিত হওয়ায় আমরা আন্তরিকভাবে দুঃখিত। পরবর্তী সংখ্যা যথাযথ সময়ে প্রকাশ করা হবে]

# ধানমন্ডি ৩২, বঙ্গবন্ধু ভবন ও বিএইচবিএফসি

"এ বাড়ি একটি ডাকনাম,
পৃথিবীস্থ বাংলার শিরোনাম
আবাদী ভূখন্ড স্বাধীন স্বপ্নদ্রষ্টা
এক মহাকায় নেতার আবাস।
এ বাড়ির ধুলাবালি, রক্তের দাগ
শুকনো মেঝে, তছনছ জামাকাপড়
আজো বহমান বাঙালীর দীর্ঘশ্বাস।
মানুষেরে ভালবেসে
সব রক্ত ঢেলে আকাশ-বাতাস,
এ বাড়ির সংসার অলিগলি
আজ বিবক্ষ ইতিহাস"।



নীরবে নিঃশব্দে দাঁড়িয়ে থাকা ১৫ আগস্ট ১৯৭৫ এর রক্তাক্ত ইতিহাসের ভয়াবহ হতবিহ্বল এক রাতের বিস্মৃতির স্মারক এই বাড়ি। বিরহ বেদনার-নিষ্ঠুরতার চরম পরাকাষ্ঠে বন্দী এই বাড়ি আজ ইতিহাসের ধ্রুব সাক্ষী। এই বাড়িটিই ছিল এক সময় বাংলার হোয়াইট হাউজ, বাকিংহাম প্যালেস, ১০ নং ডাউনিং স্ট্রিট, রাইসিনা হিল কিংবা ক্রেমলিন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জীবনের বেশিরভাগ সময় কাটিয়েছেন এই বাড়িতে। এই বাড়ি থেকেই ১৯৬২ আইয়ুব বিরোধী আন্দোলন, ১৯৬৬ ছয়দফা আন্দোলন, ১৯৭০ সাধারণ নির্বাচন আর অসহযোগ আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন।

বাড়িটি ছিল বঙ্গবন্ধুর সমস্ত কার্যক্রমের কেন্দ্রবিন্দু, ছিল রাজনৈতিক আলোচনার মিলনমেলা, প্রাত্যহিক মতামত গ্রহণ আর জনজীবনের দুর্ভোগ হ্রাসের বৈঠকখানা, দাতব্য প্রতিষ্ঠান। বঙ্গবন্ধু এই ঘরে বসেই ঐতিহাসিক ৭ মার্চ ভাষণের ফ্রেমওয়ার্ক তৈরি করেছিলেন। একাত্তরে উজান উত্তাল দিনগুলোতে দেশী-বিদেশী সাংবাদিকরা ছুটে যেত এই বাড়িতে-মুজিবের একটি সিদ্ধান্ত, একটি নির্দেশনা শোনার জন্য। মুক্তিযুদ্ধের পরও এই বাড়ি স্বাধীন বাংলাদেশের রাষ্ট্রপতির বাসভবন আর রাষ্ট্রীয় সিদ্ধান্ত গ্রহণের ভিত্তিভূমি হিসেবে ব্যবহার করেছেন। সাধারণ মানুষের কাতারে দাঁড়ানো এক অতি মানবীয়, এক নিরেট বাঙালীর অন্তরাত্মা দিয়ে বাঁধা বঙ্গবন্ধুর সংসার, রাজনীতি আর দেশ পরিচালনার একসূত্র আঁতুড়ঘর ছিল এই বাড়ি।



এই বাড়ির সব সদস্যকে হত্যা করার পর বাড়িটিকে সিলগালা করে রাখা হয়। যে বাড়ির জীবিত সর্বশেষ দুই সদস্য বাড়িতে ঢোকার অনুমতি না পেয়ে বাড়ির সামনেই বসে থেকেছেন কতদিন, প্রতি ১৫ আগস্টের কত দিন-রাত এই বাড়ির সামনে মিলাদ-মাহফিল, দোয়া-দরুদ পড়ে চোখের অশ্রু মুছে ফিরে গেছেন। অতঃপর ১৯৮১ সালে বাড়িটি হস্তান্তর করা হয় এই বাড়ির জীবিত দুই সদস্য, বঙ্গবন্ধুর উত্তরাধিকারী, বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর বোন শেখ রেহেনার কাছে। এরপর ১৯৯৪ সালের ১৪ আগস্ট বাড়িটি হস্তান্তর করা হয় বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের কাছে। বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট পরবর্তীতে বাড়িটিকে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর'-এ রূপান্তর করে।

বিএইচবিএফসির সঙ্গে রয়েছে এই বাড়ির নিবিড় সম্পর্ক। একজন প্রধানমন্ত্রী, একজন রাষ্ট্রপতি গৃহঋণের মাধ্যমে বাড়ির কাজে হাত দিয়েছিলেন, যা ছিল নজীরবিহীন। বাড়িটি ছিল বিএইচবিএফসি'র কাছে দায়বদ্ধ। বেগম মুজিব শেখ ফজিলাতুন নেসা ১৯৬০-৬১ সালে বিএইচবিএফসি থেকে ঋণ গ্রহণ করে বাড়ি নির্মাণে ব্রতী হন। হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের সদর দপ্তর অফিস হতে বেগম মুজিব এর নামে গৃহঋণ মঞ্জুরীপত্র ইস্যু করা হয়। ৭৫ পরবর্তী রাজনৈতিক জঘন্য হত্যাকান্ডের পর ঋণ পরিশোধের জন্য এই বাড়ির কোন প্রতিনিধি না থাকায় বাড়িটি ঋণখেলাপী বাড়ি হিসেবে পরিগণিত হয়। ১৯৯৬ সালে ঋণ পরিশোধের সমস্ত নিয়ম রক্ষা করে ঢাকাস্থ মোহাম্মদপুর জোনাল অফিস, জোন-২ হতে এই বাড়ির দলিলপত্র ফেরত প্রদান করা হয়। বিএইচবিএফসি'র ক্ষেত্রে এটি ছিল এক ঐতিহাসিক বিরল মুহূর্ত। মুজিব জন্ম শতবর্ষে এ বাড়ির প্রতি অপরিসীম ভালবাসা আর শাণিত ইতিহাস চেতনায় গর্বিত বিএইচবিএফসি পরিবার।

তাই ইতিহাসের কালোত্তীর্ণ নক্ষত্রিয় ধারায় আমাদের সমবেত চেতনায় বাংলার সবুজ শ্যামল হৃদমপরশে এই বাড়ি জেগে রবে চিরকাল।

# শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক কর্মশালার আয়োজন



২৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখ বিএইচবিএফসি'র বোর্ড রুমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর অতিরিক্ত সচিব জাকিয়া সুলতানা মহোদয়ের সভাপতিত্বে বাণিজ্যিক অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক দেবাশীষ চক্রবর্ত্তী, উপব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপকবৃন্দ, উপ-মহাব্যবস্থাপক (অডিট) এবং মন্ত্রণালয় ও বাণিজ্যিক অধিদপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভা শেষে জাকিয়া সুলতানা সদর দফতর, প্রশিক্ষণ কেন্দ্রে শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পরীবিক্ষণ সংক্রান্ত কর্মশালায় যোগদান করে শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। উক্ত কর্মশালায় সদর দফতরে কর্মরত সহকারী মহাব্যবস্থাপক হতে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# ই- নথি বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত






বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্ত্তী ১১-১৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ সদর দফতর, প্রশিক্ষণ কেন্দ্রে 'ই-নথি বাস্তবায়ন' শীষক ৩ দিন ব্যাপী ৮ম ব্যাচের প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণ কোর্সে বিএইচবিএফসি'র জোনাল অফিসের জোনাল ম্যানজোরসহ বিভিন্ন স্তরের ১৮ জন প্রশিক্ষণার্থী অংশ গ্রহণ করেন। তিনি দাপ্তারিক কাজে ই-ফাইলের গুরুত্ব ও ডিজিটালাইজেশন সর্ম্পকে বিস্তারিত আলোচনা করেন। উক্ত অনষ্ঠানে বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহজাহানসহ মহাব্যবস্থাপকবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থতি ছিলেন।

# পদোন্নতিপ্রাপ্ত মহাব্যবস্থাপকগণকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাণিজ্যিক ব্যাংক শাখার ০২ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখের ৫৩.০০.০০০০.৩১২.১২.০০৩.১৯-১৮ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) এর ০৬ (ছয়) জন উপমহাব্যবস্থাপককে মহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান করা হয়। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন-কে প্রবাসী কল্যাণ ব্যাংকে, জনাব নাজমুল হোসেন-কে বিএইচবিএফসিতে, মিসেস মেহের সুলাতানা-কে কর্মসংস্থান ব্যাংকে, জনাব প্রলয় কুমার ভট্টাচার্য-কে বিএইচবিএফসিতে, জনাব জামিল আহমেদ-কে বাংলাদেশ কৃষি ব্যাংকে এবং জনাব মোঃ আলাউদ্দিন-কে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকে পদায়ন করা হয়। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করা হয়। এ সময় কর্পোরেশনের সকল স্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



# 'Workshop for the Trainers and Organizers' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে "মুজিব শতবর্ষ-২০২০" উদযাপনের অংশ হিসেবে "মুজিববর্ষ আবাসন অর্থায়ন মেলা" দেশের সকল জেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। এরই ধারাবাহিকতায় পরিবেশবান্ধব ও পরিকল্পিত বাড়ী তৈরীর বিষয়ে জনসচেতনা সৃষ্টির লক্ষ্যে বিএইচবিএফসি'র রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফাইনান্স প্রজেক্ট (আইএসডিবির অর্থায়নে বাস্তবায়নাধীন) এর তত্বাবধানে সারাদেশে Awareness Development and Housing Finance Fair-2020 আয়োজন করতে যাচ্ছে। উক্ত মেলা সফলভাবে আয়োজনের লক্ষ্যে মেলার প্রথম পর্ব হিসেবে সদর দফতর, প্রশিক্ষণ কেন্দ্রে গত ৪ ও ৫ মার্চ ২০২০ দুইদিনব্যাপী 'Workshop for the Trainers and Organizers' শীর্ষক এক কর্মশালার অয়োজন করা হয়। উক্ত কর্মশালায় জোনাল ও রিজিওনাল ম্যানেজারসহ মোট ৩৫ (পঁয়ত্রিশ) জন কর্মকর্তা যোগদান করেন। বিগত ০৪-০৩-২০২০ তারিখ ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্ত্তী উক্ত কর্মশালার শুভ উদ্বোধন করেন।




উদ্বোধনকালে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড.মোহাম্মদ আব্দুস সামাদ, চেয়ারম্যান, শরিয়া সুপারভাইজারী কমিটি, রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফাইনান্স প্রজেক্ট, ঢাকা; বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহজাহান; রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফাইনান্স প্রজেক্ট, বিএইচবিএফসি'র প্রকল্প পরিচালক জনাব মোঃ আতিকুল ইসলামসহ সকল মহাব্যবস্থাপকবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাগণ।




উক্ত কর্মশালায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব অরিজিৎ চোধুরী, ইডকল, এইচবিআরআই, পরিবেশ অধিদপ্তর, জিআইজেড, ওয়াটার এইড বাংলাদেশ, এসআরইডিএ- এর রিসোর্স পার্সোনগণ তাদের মূল্যবান বক্তব্য রাখেন। কর্মশালার সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্ত্তী এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব নাসিস সোলায়মান, রিজিওনাল ম্যানেজার (রিসিডেন্ট কান্ট্রি হেড) রিজিওনাল হাব অব ঢাকা বাংলাদেশ, ইসলামিক ডেভেলপেমন্ট ব্যাংক গ্রুপ। এছাড়া সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ সিফায়েত উল্লাহ, প্রজেক্ট ম্যানেজমেন্ট স্পেশালিস্ট, বাংলাদেশ ও মালদ্বিপ রিজিওনাল হাব, বাংলাদেশ ইসলামিক ডেভেলপমেন্ট গ্রুপ।


বিএইচবিএফসি'র নতুন শরীয়াহ ভিত্তিক ঋণ প্রোডাক্ট মঞ্জিল, ওংউই প্রজেক্টের গুরুত্বসহ বাড়ি নির্মাণে মুল্য সাশ্রয়ী ও টেকসই নির্মাণ প্রযুক্তির ব্যবহার, আধুনিক বর্জ্য ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থাপনা, বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহার প্রযুক্তি, নবায়নযোগ্য (বায়োগ্যাস, সৌরবিদ্যুৎ) জ্বালানীর সহজ প্রাপ্যতা ও ব্যবহার এবং গৃহায়ণ অর্থায়নে মালিকানা স্বত্ত্ব, প্রকৌশলগত ও আবশ্যকীয় দলিল ও কাগজপত্র ইত্যাদি বিবিধ বিষয় সম্পর্কে এ কর্মশালায় ধারণা প্রদান করা হয়।

# মুজিব জন্ম শতবার্ষিকী ও বিএইচবিএফসি'র কর্মযজ্ঞ



সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম-শতবার্ষিকী উপলক্ষ্যে বিএইচবিএফসি'র বোর্ড রুমে ১৬ মার্চ, ২০২০ তারিখ ব্যবস্থাপনা পরিচালক দেবাশীষ চক্রবর্ত্তী মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপ-ব্যবস্থাপনা পরিচালক ও সকল মহাব্যবস্থাপকগণসহ সদর দফতরে কর্মরত উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন। ১৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় পালনের বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করা হয়। এসময় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মুজিব শতবর্ষের কোর্ট পিন নিজে পরিধান করেন এবং অন্যান্য কর্মকর্তাদের মাঝে বিতরণ করেন।





বিশ্বব্যাপী কোভিড-১৯ করোনা ভাইরাসের সংক্রমণ ও প্রাদুর্ভাবের কারণে সরকারের নির্দেশনা মোতাবেক সামাজিক দূরত্ব নিশ্চিতকরণের লক্ষ্যে স্বল্প-পরিসরে ১৭ মার্চ, ২০২০ কর্পোরেশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ধানমন্ডি-৩২ এ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক কর্পোরেশনের সদর দফতরসহ সকল জোনাল, রিজিওনাল ও শাখা অফিসসমূহকে বর্ণিল আলোকসজ্জায় সাজানো হয়।

## বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় বিএইচবিএফসি (প্রকাশিত খবরের অংশবিশেষ)




মুজিববর্ষে নিজস্ব বিনিয়োগ ছাড়াই নির্মাণ করুন একতলা বাড়ি

# ৭-৮% সুদে ২০ বছর মেয়াদী জিরো ইক্যুইটি ঋণ

দেশের সকল জেলা/উপজেলা সদর ও গ্রোথ সেন্টারে (ঢাকা, চট্টগ্রাম ও সিলেট মেট্রো: এলাকাবাদে)

## বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

www.bhbfc.gov.bd

# কোভিড-১৯ করোনা ভাইরাস এবং বিএইচবিএফসি'র গৃহীত পদক্ষেপ

বিশ্বব্যাপী কোভিড-১৯ করোনা ভাইরাসের প্রাদুর্ভাব আজ আমাদের দোরগোড়ায়। মরণঘাতক এ ভাইরাসের হাত থেকে রক্ষার জন্য আমাদের সেরকম মেডিকেটেড সামর্থ্য নেই। তবে এ ভাইরাস থেকে রক্ষার জন্য অত্র কর্পোরেশনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সার্বিক নির্দেশনায় কিছু প্রিভেন্টিভ মিজার (Preventive Measure) নেয়া হয় যার সার-সংক্ষেপ নিম্নরূপঃ



- অধিকাংশ বিভাগে হ্যান্ড স্যানিটাইজার এবং হ্যান্ড গ্লাভস সরবরাহ করা হয়েছে ;
- সদর দপ্তরের সকল ড্রাইভারসহ ১২৬ জন কর্মকর্তাকে Reusable (সুতি কাপড়ের তৈরি) মাস্ক সরবরাহ করা হয়েছে ;
- থার্মাল স্ক্যানার দিয়ে ভবনের নিচ তলায় লিফটের সম্মুখে-আগত কর্মকর্তা ও দর্শনার্থীদের শরীরের তাপমাত্রা পরিমাপ করা হচ্ছে ;
- সদর দফতর ভবনের নিচতলায় ফ্লোর এবং লিফটের ওয়াল নির্দিষ্ট সময় পরপর savlon মিশ্রিত পানি দিয়ে পরিস্কার করা হচ্ছে;
- সদর দফতর হেল্প ডেস্ক এ হ্যান্ড স্যানিটাইজার এবং মাস্ক সরবরাহ করা হয়েছে। তবে ফেস-টু-ফেস যোগাযোগ কমানোর লক্ষে নির্দিষ্ট নাম্বারে যোগাযোগ করার পরামর্শ দেয়া হচ্ছে। এছাড়া সার্বক্ষণিক কল সেন্টার চালুর বিষয়ে ব্যাবস্থাপনা কর্তৃপক্ষ নির্দেশনা প্রদান করেছেন-যা প্রক্রিয়াধীন আছে।
- ফেস-টু-ফেস কথোপকথন কমানোর লক্ষে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রত্যেকের সাথে ভিডিও কল বা অনলাইন ম্যাসেঞ্জার/জুম কাউড/হোয়াটসএ্যাপ এর মাধ্যমে যোগাযোগ করার জন্য পরামর্শ দিয়েছেন; ইতোমধ্যে সদর দফতরে তা শুরুও হয়েছে;
- লিফট এবং অন্যান্য ভিজিবল জায়গায় সতর্কতামুলক লিফলেট দেয়া হয়েছে;
- নিজেদের সমতা বৃদ্ধির লক্ষে Rubbing Alcohol এবং Aloeveraসহ আনুষঙ্গিক মালামাল দিয়ে সাধারণ সেবা বিভাগের মাধ্যমে হ্যান্ড-স্যানিটাইজার তৈরি করা হচ্ছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় স্বয়ং এ কাজটিতে উদ্বুদ্ধ করছেন ;
- করোনা ভাইরাস সংক্রমণ রোধে ব্যবস্থাপনা পরিচালনা মহোদয়ের নির্দেশনা মোতাবেক এবং সদর দফতরে কর্মরত ডাক্তারের পরামর্শ নিয়ে এ ব্যাপারে করণীয় সম্পর্কে বিস্তারিত বিবরণী ইতোমধ্যে সকল অফিসে মেইল করা হয়েছে ;
- করোনা ভাইরাস সংক্রমণ রোধে কিছুক্ষণ পরপর হাত ধোয়ার ব্যাপারে WHO এর নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে সদর দফতর ভবনের ২য় তলায় হাত ধোয়ার জন্য স্কিন ক্লিনজারসহ দুইটি বেসিন সংযোজন করা হয়েছে। যা পর্যায়ক্রমে উপরের ফোরগুলোতেও করা হবে।


**প্রধান পৃষ্ঠপোষক** ঃ **দেবাশীষ চক্রবর্ত্তী,** ব্যবস্থাপনা পরিচালক


সম্পাদক মন্ডলী ঃ **অরুন কুমার চৌধুরী,** মহাব্যবস্থাপক, মহাবিভাগ (ঋণ, সাধাঃ সেবা, প্রকৌশল ও পিএইচআরডি)

**জেড. এম হাফিজুর রহমান,** উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ)

**মোঃ রফিকুল ইসলাম,** সিনিয়র অফিসার, ট্রেনিং ইনস্টিটিউট

প্রকাশনা ঃ পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ, বিএইচবিএফসি, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০
info@bhbfc.gov.bd, web : www.bhbfc.gov.bd

# গৃহায়নের দিগন্তে ঐতিহ্যের স্মারক




বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

Bangladesh House Building Finance Corporation

২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০

হেল্প লাইন ঃ ০২-৯৫৬১৩৮০, ০১৫৫০০৪৩৩০৫-৬

info@bhbfc.gov.bd; www.bhbfc.gov.bd